সমকাল

তারিখ 21 DEC 2017
পৃষ্ঠা ২...৩ কলাম ৪

# চতুর্থ শ্রেণি পর্যন্ত প্রশ্ন ফাঁসের দায় সরকারের নয়

## — সংসদীয় কমিটি

■ সমকাল প্রতিবেদক

প্রথম থেকে চতুর্থ শ্রেণি পর্যন্ত পরীক্ষার প্রশ্ন সরকার করে না। উপজেলা পর্যায়ে এসব পরীক্ষার প্রশ্ন হয়,৪ তাই এসব পরীক্ষায় প্রশ্নপত্র ফাঁসের দায় সরকারের নয়। গতকাল বুধবার সংসদীয় কমিটির ৪১তম বৈঠক শেষে সংসদ ভবনের মিডিয়া সেন্টারে এমন মন্তব্য করেন প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়-সংক্রান্ত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি মোতাহার হোসেন।

তিনি বলেন, কীভাবে প্রথম থেকে চতুর্থ শ্রেণিতে প্রশ্নপত্র ফাঁস হচ্ছে, তা জানি না। এ বিষয়ে কার্যকর ব্যবস্থা নিতে সংশ্লিষ্টদের নির্দেশ দিয়েছে কমিটি। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সাবেক এ প্রতিমন্ত্রী তার দায়িত্বে থাকার সময়ের অভিজ্ঞতার কথা তুলে ধরে বলেন,

■ পৃষ্ঠা ১৩ : কলাম ৮

## চতুর্থ শ্রেণি পর্যন্ত

[শেষ পৃষ্ঠার পর]

প্রাথমিক সমাপনী পরীক্ষার (পিইসি) আগে তিনি কয়েক সেট প্রশ্ন কিনেছিলেন। কিন্তু এর একটিও মেলেনি। মোতাহার হোসেন জানান, তিনি ১৯৬৫ সালে এসএসসি (ম্যাট্রিকুলেশন) পাস করেন। ওই সময়ও প্রশ্নপত্র ফাঁসের অভিযোগ উঠেছিল।

সংসদীয় স্থায়ী কমিটির সদস্য আ খ ম জাহাঙ্গীর হোসাইন জানান, প্রাথমিকে প্রথম থেকে চতুর্থ শ্রেণির প্রশ্নপত্র উপজেলা পর্যায়ের শিক্ষক সমিতি করে। এখানে মন্ত্রণালয়ের কোনো হাত নেই।

এর আগে স্থায়ী কমিটির বৈঠকে প্রাথমিক শিক্ষার মানোন্নয়ন, বঙ্গবন্ধু ও বঙ্গমাতা গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের বার্ষিক বরাদ্দ বৃদ্ধিকরণ, স্কাউট, স্টুডেন্ট কাউন্সিল সচল রাখা, পিয়ানো বাজানো শিক্ষাক্রম চালু রাখা, স্লিপার, দোলনা রক্ষণাবেক্ষণ এবং ওয়াশ ব্লক নির্মাণ কার্যক্রম এবং প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষক নিয়োগ কার্যক্রম দ্রুত শেষ করার সুপারিশ করা হয়। কমিটি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক নিয়োগের জন্য পৃথক ও স্বতন্ত্র কর্ম কমিশন (বিপিএসসি) গঠনের কার্যক্রম বেগবান করারও সুপারিশ করে। মো. মোতাহার হোসেনের সভাপতিত্বে কমিটির সদস্য গণশিক্ষামন্ত্রী মো. মোস্তাফিজুর রহমান ফিজার, আ খ ম জাহাঙ্গীর হোসাইন, সামশুল হক চৌধুরী, নজরুল ইসলাম বাবু, আলী আজম, মোহাম্মদ ইলিয়াস ও বেগম উম্মে রাজিয়া কাজল বৈঠকে অংশ নেন।